**কোন কোন ক্ষেত্রে বিভাগীয় প্রধান বা সরকার ৩০ দিন পর্যন্ত যোগদানকাল বর্ধিত করতে পারেন**

**বাংলাদেশ সার্ভিস রুলস, প্রথম খণ্ডের ৯১ বিধিতে এই সংক্রান্ত বিধান বর্ণিত আছে যাহা নিম্নরূপ : বিধি-৯১- (১) বিধি-৮১ তে বর্ণিত নির্ধারিত সর্বোচ্চ সীমার বিধান সাপেক্ষে বিভাগীয় প্রধান, নিমোক্ত অবস্থার ক্ষেত্রে এই বিধিসমূহের আওতায় অনুমোদনযোগ্য যোগদানকালের চাইতে অতিরিক্ত সময় মঞ্জুর করিতে পারিবেন।**

(এ) যখন সরকারী কর্মচারী সাধারণভাবে ব্যবহার্য পথে ভ্রমণে অসমর্থ হইবার কারণে অথবা যথাসাধ্য চেষ্টা সত্ত্বেও এই বিধিসমূহের অধীনে অনুমোদিত সময়ের চাইতে ভ্রমণে বেশী সময় ব্যয় হয়; অথবা

(বি) যখন জনস্বার্থে এইরূপ যোগদানের সময়কাল বর্ধিত করা প্রয়োজন হইয়া পড়ে অথবা অপ্রয়োজনীয় বা সম্পূর্ণ আনুষ্ঠানিক বদলীজনিত ব্যয়রোধ প্রয়োজনীয় বলিয়া বিবেচিত হয়; অথবা

(সি) যদি কোন বিশেষ ক্ষেত্রে এই বিধিসমূহের প্রয়োগ কঠোর বলিয়া মনে হয়।

(২) বিধি-৯১(১) এর শর্তাদি সাপেক্ষে বি, সি, এস, (বিচার) বিভাগের কর্মচারীদের ক্ষেত্রে হাইকোর্ট বিভাগ যোগদানকাল বর্ধিত করিতে পারেন।

বিধি-৮১(সি)-তে বর্ণিত আছে যে, যোগদানকালের সর্বোচ্চ সীমা ৩০ দিন এবং ৮০ (সি) বিধির ক্ষেত্রে সংশিষ্ট কর্মচারীর ইচ্ছানুসারে তাহা সর্বনিম্ন ১০ দিন পর্যন্ত হইতে পারে।